গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
বাজেট-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

বিষয়: তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার ২০২১-২০২২ অর্থবছরের বাজেট, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ), রাজস্ব আহরণ এবং ক্রয় পরিকল্পনার ২য় প্রান্তিক (অক্টোবর-ডিসেম্বর) এর বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন অনুমোদন সংক্রান্ত 'বাজেট ব্যবস্থাপনা কমিটি' (বিএমসি) সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: মকবুল হোসেন পিএএ<br>সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় |
| তারিখ ও সময় | : | ১৩ জানুয়ারি ২০২২; সকাল ১১.৩০ মিনিট |
| স্থান | : | মন্ত্রণালয়ের সভাকক্ষ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-'ক' |

সভাপতি সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচ্চিত্র) ২০২১-২০২২ অর্থবছরের ২য় প্রান্তিক (অক্টোবর-ডিসেম্বর) এর বাজেট, এপিএ ও ক্রয় কার্যক্রম বাস্তবায়ন এবং রাজস্ব আহরণ অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করেন।

**০২। বাজেট বাস্তবায়ন অগ্রগতি:**

২.১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচ্চিত্র) সভাকে অবহিত করেন যে, ২০২১-২২ অর্থবছরে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের পরিচালন ব্যয় বরাদ্দ ৮০৯ কোটি ৮৯ লক্ষ টাকা এবং উন্নয়ন ব্যয় বরাদ্দ ১৯৮ কোটি ৫৭ লক্ষ টাকা। পরিচালন ও উন্নয়ন বরাদ্দের মোট পরিমান ১০০৮ কোটি ৪৬ লক্ষ টাকা। ২য় প্রান্তিকে পরিচালন ব্যয়ের লক্ষ্যমাত্রা ছিল ২২৪ কোটি ৯৩ লক্ষ ৫৬ হাজার টাকা (২৭%)। এতে প্রকৃত ব্যয় হয়েছে ২০০ কোটি ৭০ লক্ষ ৩০ হাজার টাকা (২৫%)। উন্নয়ন ব্যয় খাতে ২য় প্রান্তিকে ব্যয়ের লক্ষ্যমাত্রা ছিল ৪৫ কোটি ৯০ লক্ষ ৫৬ হাজার টাকা (২৩%) । এ খাতে প্রকৃত ব্যয় হয়েছে ৩৮ কোটি ১৪ লক্ষ ৫৫ হাজার টাকা (১৯%)। ২য় প্রান্তিকে সমন্বিত (পরিচালন ও উন্নয়ন) ব্যয়ের লক্ষ্যমাত্রা ছিল ২৭০ কোটি ৮৪ লক্ষ ১২ হাজার টাকা ( ২৭%)। এতে ব্যয় হয়েছে ২৩৮ কোটি ৮৪ লক্ষ ৮৫ হাজার টাকা (২৪%)।

**২.২। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:**

**২.২.১।** ২০২১-২০২২ অর্থবছরের ২য় প্রান্তিক (অক্টোবর-ডিসেম্বর) পর্যন্ত বাজেট বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন চূড়ান্ত করা হলো।

**২.২.২।** ২০২১-২০২২ অর্থবছরে উন্নয়ন বাজেটসহ যে সকল দপ্তর/সংস্থার ২য় প্রান্তিক (অক্টোবর ডিসেম্বর) পর্যন্ত লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি সে সকল দপ্তর/সংস্থা এবং পরিকল্পনা অধিশাখা উল্লেখযোগ্য বাস্তবায়ন অগ্রগতি অর্জনে কার্যকর পদক্ষেপ গ্রহণ করবে।

**২.২.৩।** প্রতিটি দপ্তর/সংস্থাকে প্রান্তিকভিত্তিক বাজেটের খাত ও বরাদ্দকৃত অর্থের পরিমাণ পত্রের মাধ্যমে উল্লেখ করে তা বাস্তবায়ন করার জন্য মন্ত্রণালয়ের বাজেট শাখা কার্যকর ব্যবস্থা গ্রহণ করবে।

**০৩। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন অগ্রগতি:**

৩.১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচ্চিত্র) সভাকে জানান যে, ২০২১-২২ অর্থবছরে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে ৭০ নম্বরের কৌশলগত উদ্দেশ্যের কর্মসম্পাদন সূচক ৪৯টি। তন্মধ্যে ৪৩টি সূচকের বাস্তবায়নকারী আওতাধীন ১৪টি দপ্তর/সংস্থা। বাকি ৬টি সূচকের বাস্তবায়নকারী মন্ত্রণালয়ের প্রশাসন-১, চলচ্চিত্র-১ ও চলচ্চিত্র-২ শাখা। ৪৯টি সূচকের মধ্যে ৮টি সূচকের অগ্রগতি ১০০%, ২২টি সূচকের অগ্রগতি ৫০-৭৫%, ৭টি সূচকের অগ্রগতি ২৫-৪৯% এবং ১২টি সূচকের অগ্রগতি চলমান রয়েছে।

৩.২। তিনি আরোও বলেন যে, ২০২১-২২ অর্থবছরে সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ (আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ) অংশে কর্মসম্পাদন সূচকের মোট মান ৩০। এ অংশে ৫টি কার্যক্রম রয়েছে, যা মন্ত্রণালয়ের প্রশাসন-১, প্রশাসন-৪ এবং প্রেস-২ এবং আইসিটি সেল বাস্তবায়ন করছে। বর্ণিত এসব কার্যক্রম শতভাগ বাস্তবায়িত হলে এপিএ-তে ৩০ নম্বর ওয়েটেড স্কোর হিসেবে যোগ হবে।

৩.৩। **বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :**

৩.৩.১। ২০২১-২২ অর্থবছরের ২য় প্রান্তিক (অক্টোবর-ডিসেম্বর) এর এপিএ বাস্তবায়ন প্রতিবেদন চূড়ান্ত করা হলো।

৩.৩.২। যেসব দপ্তর/সংস্থা অর্ধবার্ষিক (জুলাই-ডিসেম্বর) পর্যন্ত মন্ত্রণালয়ের নির্ধারিত সূচক বাস্তবায়নে পিছিয়ে আছে এবং লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন ৫০% এর কম করেছে তাদেরকে সূচক বাস্তবায়নে অধিকতর কার্যকর ভূমিকা রাখার অনুরোধ জানিয়ে পত্র দিতে হবে।

০৪। **ক্রয় কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি:**

৪.১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচ্চিত্র) বলেন যে, ২০২১-২২ অর্থবছরের বাজেটে পরিচালন ব্যয় খাতে মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থাসমূহের ৬৭টি ইজিপি ও ৩৮৯টি ম্যানুয়েল ক্রয়সহ মোট সংখ্যা ৪৫৬টি। দ্বিতীয় প্রান্তিক পর্যন্ত ১৬টি ইজিপি এবং ৯৮টি ম্যানুয়েলসহ মোট ১১৪টি ক্রয় সম্পন্ন হয়েছে (২৬%)। ক্রয় কাযক্রম কর্মপরিকল্পনা অনুযায়ী সন্তোষজনক না হওয়া সভাপতি সভায় অসন্তুষ্টি প্রকাশ করেন।

৪.২। **বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :**

৪.২.১। পরিচালন ব্যয় খাতে নির্ধারিত ইজিপি ও ম্যানুয়েল টেন্ডারের সমুদয় কার্যক্রম আগামী মে/২০২২ মাসের মধ্যে সম্পন্ন করতে হবে।

০৫। **রাজস্ব প্রাপ্তির বাস্তবায়ন অগ্রগতি:**

৫.১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচ্চিত্র) বলেন যে, ২০২১-২২ অর্থবছরে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ও আওতাধীন ৮টি দপ্তর/সংস্থার রাজস্ব প্রাপ্তির মোট লক্ষ্যমাত্রা ৮৪ কোটি ৯১ লক্ষ টাকা। ২য় প্রান্তিকে রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা ছিল ১৪ কোটি ৯৯ লক্ষ ০৩ হাজার টাকা (১৮%)। এর বিপরীতে রাজস্ব আদায় হয়েছে ৯ কোটি ৯৮ লক্ষ ৭৪ হাজার টাকা (১২%)। ১ম ও ২য় প্রান্তিকে রাজস্ব আদায়ের পরিমাণ ১৯ কোটি ৮২ লক্ষ ৩৯ হাজার টাকা (২৪%)।

৫.২। **বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :**

৫.২.১। যে সকল দপ্তর/সংস্থার রাজস্ব আহরণের লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি সে সকল দপ্তর/সংস্থা রাজস্ব আহরণে আরও মনযোগী ও কার্যকর পদক্ষেপ গ্রহণ করবে।

০৬। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৭.০২.২০২২

(মো: মকবুল হোসেন পিএএ)
সচিব
ও
সভাপতি
বাজেট ব্যবস্থাপনা কমিটি
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

স্মারক নং ১৫.০০.০০০০.০৪০.০৫.০১০.২১-০৫

তারিখ: ০২ মাঘ ১৪২৮ / ১৬ জানুয়ারি ২০২২

অপর পৃষ্ঠায় বর্ণিত ১৩.০১.২০২২ তারিখে অনুষ্ঠিত ২০২১-২০২২ অর্থবছরের দ্বিতীয় প্রান্তিকের বাজেট ব্যবস্থাপনা কমিটি (বিএমসি) সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

(এ বি এম মাহবুব হোসেন)
উপসচিব
ফোন: ৯৫৫৫০১৮
e-mail: budget2@moi.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। অতিরিক্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা।
০২। অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচ্চিত্র/সম্প্রচার/উন্নয়ন), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা।
০৩। যুগ্মসচিব (বাজেট-৩), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
০৪। যুগ্মসচিব (প্রশাসন/তগ/বাজেট/প্রেস/পরিকল্পনা) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা
০৫। উপসচিব (প্রশাসন-৪/প্রশাসন-২/প্রেস-১/২/চলচ্চিত্র-১/২), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা (এপিএ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন)।
০৬। উপসচিব (প্রশাসন-১, প্রশাসন -২, প্রশাসন-৩, প্রশাসন-৪/প্রেস-১/২/চলচ্চিত্র-১/২), তগ-১/২, প্রেস-১/২, টিভি-১/২,তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা।
০৭। পরিচালক, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (শিক্ষা ও সামাজিক সেক্টর), শেরে বাংলা নগর, ঢাকা।
০৮। সিস্টেম এনালিস্ট, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা (এপিএ অগ্রগতি প্রতিবেদন)।
০৯। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সিএএফও), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা।
১০। সহকারী সচিব, বাজেট-১, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা।
১১। হিসাব রক্ষণ কর্মকর্তা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা

**দপ্তর/সংস্থা:**

০১। ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদক, বাংলাদেশ সংবাদ সংস্থা, ঢাকা।
০২। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
০৪। মহাপরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা।
০৫। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, ঢাকা।
০৬। মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা।
০৭। মহাপরিচালক, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।
০৮। মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, ঢাকা।
০৯। মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা।
১০। প্রধান নির্বাহী, বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট, ঢাকা।
১১। মহাপরিচালক, প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ, ঢাকা।
১২। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট, ৩, সার্কিট হাউজ রোড, ঢাকা।
১৩। সচিব, বাংলাদেশ প্রেস কাউন্সিল, ঢাকা।
১৪। সচিব, তথ্য কমিশন, আগারগাঁও, ঢাকা।
১৫। ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড, ঢাকা।

**অনুলিপি:**

০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচ্চিত্র) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, তথ্য ও সমপ্রচার মন্ত্রণালয়, ঢাকা।